নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ৬২৭৭ তারিখ ঃ- গ্রহণকারী ঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০৬৩.২১.১০৪১

তারিখ : ৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে কারা বাজেটের '১৬১০২০১১৩২৬৭০-প্রধান কার্যালয়' কারা অধিদপ্তর এর ৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা খাতে মোট ৪৮,৬৫,৪০০/- (আটচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত) টাকা বরাদ্দ।**

**সূত্র: কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৪৪.০৪.০০০০.০৩২.০৩.০০৩.২০২৬-২৫৬ তারিখ: ১২/০৪/২০২৬খ্রি.।**

উপর্যুক্ত বিষয়ে ২০২৫-২০২৬ অর্থবছরে খরচ করার জন্য নিম্নবিভাজন মোতাবেক মোট ৪৮,৬৫,৪০০/- (আটচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক | কাজের নাম | অর্থ বরাদ্দ | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|
| ০১। | নবসৃষ্ট অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদের কর্মকর্তার দপ্তর হিসেবে রূপান্তরের জন্য কারা সদর দপ্তর ভবনের ২য় তলার পূর্বাংশের একটি কক্ষের মেরামত ও সংস্কার কাজ। | ১৩,৭২,৭০০/- | নগর গণপূর্ত বিভাগ, ঢাকা |
| ০২। | কারা অধিদপ্তরের আওতাধীন অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর বাসভবনের উত্তর দিকের (আংশিক) ধসে পড়া সীমানা প্রাচীর পুনঃনির্মাণসহ কারা অধিদপ্তরের নিচতলায় অস্ত্রাগার রুমে গ্রীল স্থাপন কাজ। | ৭,৭৯,৮০০/- | |
| ০৩। | কারা অধিদপ্তরের আওতাধীন পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের সুবেদার পাড়া আবাসিক এলাকায় বাউন্ডারী ওয়ালসহ কারারক্ষীদের জন্য অস্থায়ী আবাসন নির্মাণ কাজ। | ২৭,১২,৯০০/- | |
| | মোট : | ৪৮,৬৫,৪০০/- | -- |

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৪৮,৬৫,৪০০/- (আটচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত) টাকা কারা বাজেটের '১৬১০২০১১৩২৬৭০-প্রধান কার্যালয়' কারা অধিদপ্তর এর ৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা খাতের ২০২৫-২০২৬ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। **উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে :**

**শর্তসমূহ :**

ক। ক্রয়কার্য সম্পাদন/এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2025 (সকল সংশোধনীসহ) যাবতীয় আর্থিক বিধি-বিধান এবং Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে।

খ। প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

গ। সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের **'কার্য বাস্তবায়ন প্রত্যয়নপত্র'** ব্যতীত ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধ করা যাবে না।

ঘ। কোন অবস্থাতেই বরাদ্দকৃত অর্থ উল্লিখিত কাজ ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না।

ঙ। বরাদ্দকৃত অর্থ ব্যয়ে/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

চ। বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব ও মন্তব্য প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

ছ। বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব যথাযথভাবে অডিট কর্তৃপক্ষের জন্য সংরক্ষণ করতে হবে এবং অডিট আপত্তির বিষয় নিষ্পত্তি করতে হবে।

জ। বর্ণিত কাজ বাস্তবায়নের ক্ষেত্রে যাতে কোন দ্বৈততা (Duplication) না হয়, সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-২

ঝ। কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নসহ সমাপ্তি প্রতিবেদন কারা অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঞ। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।

ট। **সংযুক্ত প্রত্যাশী সংস্থার পত্রে বর্ণিত শর্তাদি পালন করতে হবে।**

(স্বপন চাকমা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন : ০২২২৩৩৮৮৯১৪
ইমেইল : se_coord@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

নির্বাহী প্রকৌশলী
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০৬৩.২১.১০৪১/১ (১৫)

তারিখ : ৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।
৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। ব্রিগেডিয়ার জেনারেল, কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশীবাজার, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং এন্ড অডিট সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।
৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(স্বপন চাকমা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)